

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র


স্মারক নং-৪৬.০১৮.০৩০.০০.০০.০১৪.২০১৪ (অংশ-২)-৫৪২

তারিখ : ১৮ আশ্বিন, ১৪২৫
০৩ অক্টোবর, ২০১৮

বিষয় : নিয়মিতভাবে ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত পরিচালনা সংক্রান্ত।

সরকার স্থানীয় পর্যায়ে বিচার ব্যবস্থা সুদৃঢ় ও টেকসই করার লক্ষ্যে দেশের প্রতিটি ইউনিয়নের এখতিয়ারাধীন কতিপয় বিরোধ ও বিবাদের সহজ ও দ্রুত নিষ্পত্তির উদ্দেশ্যে “গ্রাম আদালত আইন, ২০০৬” প্রণয়ন করেছে। পরবর্তীতে ২০১৩ সালে গ্রাম আদালত আইন, ২০০৬ সংশোধিত হয় এবং ২০১৬ সালে “গ্রাম আদালত বিধিমালা, ২০১৬” জারীর মাধ্যমে গ্রাম আদালত ব্যবস্থাকে আরও শক্তিশালী করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরূপ আইনি কাঠামোর মাধ্যমে পল্লী এলাকার সাধারণ জনগণ, বিশেষ করে নারী, দরিদ্র ও অনগ্রসর জনগোষ্ঠি তাদের প্রতি সংঘটিত অন্যায়ের প্রতিকার এবং সমঝোতামূলকভাবে বিরোধ নিষ্পত্তির সুযোগ সৃষ্টি হয়েছে। গ্রাম আদালত কার্যকর করার মধ্য দিয়ে বিচারিক সেবা প্রদান নিশ্চিত করা প্রতিটি ইউনিয়ন পরিষদের একটি অন্যতম প্রধান কার্যক্রম যার মাধ্যমে স্থানীয়ভাবে জনগণের ন্যায় বিচার প্রতিষ্ঠা করার সুযোগ রয়েছে। ইউনিয়ন পরিষদের অন্যান্য সেবা প্রদানের মতই গ্রাম আদালত সেবা প্রদান অতীব জরুরী। গ্রাম আদালত নিয়মিত পরিচালিত হলে দরিদ্র জনগণ স্থানীয়ভাবে অল্প সময়ে, স্বল্প খরচে দ্রুত ন্যায় বিচার পাওয়ার সুযোগ পাবে এবং সমাজে আইন শৃংখলা পরিস্থিতির উন্নতিসহ এলাকায় সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হবে।

০২। এমতাবস্থায়, দেশের প্রতিটি ইউনিয়নের এখতিয়ারাধীন গ্রাম আদালতে বিচার্য বিরোধ ও বিবাদের সহজ ও দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে গ্রাম আদালত আইন, ২০০৬ (সংশোধন, ২০১৩) এবং গ্রাম আদালত বিধিমালা, ২০১৬ অনুযায়ী নিয়মিত গ্রাম আদালত পরিচালনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. সৈয়দা নওশীন পারভীন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫১৪১৯০

চেয়ারম্যান (সকল)

-----ইউনিয়ন পরিষদ
-----উপজেলা
-----জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

- ১। জাতীয় প্রকল্প পরিচালক, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প ও অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সকল)-----জেলা (তঁার আওতাধীন ইউনিয়ন পরিষদসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি) (সকল) -----জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল) -----উপজেলা-----জেলা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। যুগ্মসচিব (ইপ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।